# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা মু’মিন ব্যক্তিদেরকে দুনিয়াতে তাঁদের কৃতকর্মের জন্য পরকালে যা প্রতিশ্রুতি দিয়েছেন

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا وَعَدَ اللَّهُ جَلَّ وَعَلَا الْمُؤْمِنِينَ فِي الْعُقْبَى مِنَ الثَّوَابِ عَلَى أَعْمَالِهِمْ في الدنيا

---

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ قَالَ: حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ
فِي قَوْلِهِ: {إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِينًا * لِيَغْفِرَ لَكَ اللَّهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ} [الفتح 1ـ 2] قَالَ: نَزَلَتْ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرْجِعَهُ مِنَ الْحُدَيْبِيَةِ وَإِنَّ أَصْحَابَهُ قَدْ أَصَابَتْهُمُ الْكَآبَةُ وَالْحُزْنُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أُنزلت عَلَيَّ آيَةٌ هِيَ أَحَبُّ إِلَيَّ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا) فَتَلَاهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِمْ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ بَيَّنَ اللَّهُ لَكَ مَا يَفْعَلُ بِكَ فَمَاذَا يَفْعَلُ بِنَا؟ فَأَنْزَلَ اللَّهُ الْآيَةَ بَعْدَهَا: {لِيُدْخِلَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الأنهار} الآية [الفتح: 5].
الراوي : أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 371 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৭১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি নিম্নোক্ত আয়াত সম্পর্কে বলেন:
মহান আল্লাহ বলেছেন: “নিশ্চয়ই আমরা আপনাকে সুস্পষ্ট বিজয় দান করেছি, যাতে আল্লাহ আপনার পূর্বাপর ত্রুটি-বিচ্যুতি ক্ষমা করে দিতে পারেন।” (সূরা আল ফাতহ: ১-২।) তিনি বলেন: “আয়াতটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর অবতীর্ণ হয়, যখন তিনি হুদাইবিয়া থেকে মদীনায় প্রত্যাবর্তন করছিলেন আর এসময় সাহাবীদের মন ছিল দুঃখ-বেদনা, বিষন্নতা ক্লিষ্ট। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আমার

উপর একটি আয়াত অবতীর্ণ হয়েছে, যা দুনিয়া ও তার মধ্যবর্তী সমস্ত জিনিস অপেক্ষা প্রিয়তর। ”অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তা পড়ে সাহাবীদের শুনান। সাহাবীগণ বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, মহান আল্লাহ এখানে আপনার সাথে কী করবেন, সেটা বর্ণনা করেছেন, কিন্তু তিনি আমাদের সাথে কী করবেন?” তখন পরের আয়াতটি অবতীর্ণ হয়। বলা হয়: “যাতে তিনি মু‘মিন নর-নারীদেরকে এমন জান্নাতসমূহে প্রবেশ করাতে পারেন, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত হচ্ছে।” (সূরা আল ফাতহ:৫)[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২১৫; সহীহ মুসলিম: ১৭৮৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০১৯; সহীহ আল বুখারী: ৪১৭২; তিরমিযী: ৩২৬৩; সুনানু বাইহাকী: ৫/২১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুল মাওয়ারিদ: ১৪৭৪/১৭৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88670

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন